

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০৫.১৯.১০৯

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬

২৫ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৪৭৪৩/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৯.১২.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব এ.এইচ.এম. আব্দুল হাই, পিতা: মৃত মৌলভী আব্দুল করিম, অধ্যক্ষ, চন্দ্রগঞ্জ কারামতিয়া কামিল মাদরাসা, চন্দ্রগঞ্জ, বেগমগঞ্জ, নোয়াখালি কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৭৪৩/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী চন্দ্রগঞ্জ কারামতিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ জনাব এ.এইচ.এম. আব্দুল হাই মাদরাসার গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত হন। পরবর্তীতে গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাকে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। এর প্রেক্ষিতে আবেদনকারী কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ের জন্য/ ০১.০১.২০১২ খ্রি: হতে জুন/২০১৮ খ্রি: পর্যন্ত বকেয়া বেতন দাবী করে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করা হয়। এ আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০২৬.১৮-১৭৯/১, তারিখ: ১৮.০৯.২০১৮ খ্রি: মুলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুযায়ী নিষ্পত্তির জন্য অধ্যক্ষ, চন্দ্রগঞ্জ কারামতিয়া কামিল মাদরাসা-কে নির্দেশনা প্রদান করা হয়। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক পত্রটিকে তর্কিত অধ্যায়িত করে তার বকেয়া বেতন-ভাতা বরাদ্দ সর্বমোট ৪০,১৭,৯১৬.৯৫ টাকা দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪৭৪৩/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী, মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৪৭৪৩/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ০০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১০৫.১৯.১০৯/১(৭)

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৬

২৫ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১১-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)